(একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

‘শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ’

স্মারক: ৩৭.০০.০০০০.০৭৯.২৭.০৫১.১০.১৪৮

তারিখ: ২৩ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ
০৬ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয়: রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নিয়োগ কার্যক্রম সংক্রান্ত তদন্ত কমিটি গঠন।**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম.আব্দুস সোবহান-এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে ইত:পূর্বে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক তদন্ত কার্যক্রম পরিচালনা করা হয়। তদন্ত প্রতিবেদনে উপাচার্যের বিরুদ্ধে নিয়োগ কার্যক্রমসহ আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১০ ডিসেম্বর, ২০২০ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৯.২৭.০৫১.১০.২৪৬ নং পত্রের মাধ্যমে প্রশাসনিক কারণে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সকল ধরণের নিয়োগ কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত রাখার জন্য উপাচার্য-কে অনুরোধ করা হয়েছিল। কিন্তু উপাচার্য ০৬.০৫.২০২১ খ্রি. তারিখ অর্থাৎ তাঁর শেষ কর্মদিবসে মন্ত্রণালয়ের উক্ত নির্দেশনা উপেক্ষা করে বিভিন্ন পদে অবৈধ ও বিধিবহির্ভূতভাবে জনবল নিয়োগ প্রদান করেছেন মর্মে মন্ত্রণালয় অবহিত হয়েছে যার পরিপ্রেক্ষিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আইন শৃঙ্খলা পরিস্থিতির উদ্ভব হয়েছে, যা অনভিপ্রেত। বিদায়ী উপাচার্য কর্তৃক অবৈধ জনবল নিয়োগের বৈধতা প্রাপ্তির সুযোগ নেই বিধায় এতদসংক্রান্ত বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে নির্দেশক্রমে একটি কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১। প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। | - | আহবায়ক |
| ২। প্রফেসর ড. মো: আবু তাহের, সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। | - | সদস্য |
| ৩। ড. মো: জাকির হোসেন আখন্দ, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। | - | সদস্য |
| ৪। জনাব মোহাম্মদ জামিনুর রহমান, পরিচালক (পাবলিক বিশ্ববিদ্যালয়), ইউজিসি। | - | সদস্য-সচিব। |

কমিটির কার্যপরিধি:
১। উল্লিখিত অবৈধ নিয়োগ ও অনিয়ম প্রক্রিয়ার সাথে জড়িত ব্যক্তিদের আইনের আওতায় আনয়নের নিমিত্ত কমিটি অবৈধ নিয়োগ ও অনিয়মের সাথে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করে সুপারিশসহ তদন্ত প্রতিবেদন দাখিল করবে;
২। কমিটি দায়দায়িত্ব নিরূপণপূর্বক প্রতিবেদন পেশ করবে;
৩। কমিটি আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে।

০৬-০৫-২০২১
(শামিমা বেগম)
উপসচিব
ফোন: ৯৫৭২১৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর, সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
২। প্রফেসর ড. মো: আবু তাহের, সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৩। ড. মো: জাকির হোসেন আখন্দ, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ।
৪। জনাব মোহাম্মদ জামিনুর রহমান, পরিচালক (পাবলিক বিশ্ববিদ্যালয়), ইউজিসি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩ । মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪ । মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬ । অফিস কপি।